# ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা পরিষদের আগস্ট ২০২১ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মো: আশরাফ উদ্দিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ। |
| সভার স্থান | : ভার্চুয়াল। |
| সভার তারিখ | : ১৯ আগস্ট ২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : বেলা ১২.০০ ঘটিকা |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি কর্তৃক জুম ক্লাউডে সংযুক্ত উপস্থিত ইউপি চেয়ারম্যান ও সকল সম্মানিত সদস্যগনকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁওকে সভা পরিচালনা করার অনুরোধ জানান। তিনি কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে স্ব স্ব বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানকে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এর পর সভায় নিম্নোক্ত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | <u>উপজেলা প্রকৌশলী বিভাগ:</u><br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি'র প্রথম পর্যায়ের =২৩,৩৬,০০০/- (তেইশ লক্ষ ছত্রিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গেছে। ২০২১-২০২২ অর্থ বছরে পিআইসি এবং টেন্ডারের মাধ্যমে কাজ বাস্তবায়নের জন্য তালিকা চূড়ান্ত করা হলে সরেজমিনে সাইট পরিদর্শন করে প্রাক্কলন প্রস্তুত করা হবে এবং বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণ করা হবে।<br>এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | চূড়ান্ত তালিকা প্রস্তুত করে প্রাক্কলনসহ টেন্ডার কার্যক্রম সম্পন্ন করে নিয়মিত মনিটরিং করতে হবে। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ০৩ | <u>উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, কোভিড-১৯ এর চলমান সংক্রমণের কারণে ক্ষতিগ্রস্থ নিম্ন আয়ের মানুষকে সহায়তা প্রদানের জন্য ৩৩৩ ফোন নম্বরে খাদ্য সাহায্যে প্রার্থীদের মধ্যে খাদ্য সহায়তা প্রদানের কার্যক্রম চলমান আছে। ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/কাবিটা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি.আর) কর্মসূচির বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তির পর কার্যক্রম গ্রহণ করা হবে। এ ছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সকল কর্মসূচীর কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ০৪ | <u>উপজেলা কৃষি বিভাগ:</u> উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে,<br>১। <u>রোপা আমন আবাদ সংক্রান্ত:</u> চলতি খরিপ-২(২০২১) রোপা আমন মৌসুমে হাইব্রিড ৭৫ হেক্টর, উফশী ২১৮৪০ হেক্টর স্থানীয় ৬৩০ হেক্টর মোট ২২৫৪৫ হেক্টর জমিতে রোপা আমন ধান চাষের লক্ষমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতি মধ্যে অত্র গফরগাঁও উপজেলায় হাইব্রিড ১৪০ হেক্টর, উফশী ২১৯৩০ হেক্টর স্থানীয় ৫৪০ হেক্টর মোট ২২৬১০ হেক্টর জমিতে আমন ধান আবাদ হয়েছে। যা লক্ষমাত্রার ১০০% এর বেশী। আশা করা হচ্ছে এ বছর লক্ষ্যমাত্রার অধিক রোপা আমন ধান উৎপাদন হবে।<br>২। <u>রাসায়নিক সারের মজুদ সংক্রান্ত আলোচনা:</u> বর্তমানে উপজেলায় রাসায়নিক সার ও বীজ মজুদ পরিস্থিতি সন্তোষজনক। বাজারে সার ও বীজের কোন সংকট নেই। তাছাড়া অন্যান্য বিভাগীয় কর্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। রোপা আমন ধানে পোকা ও রোগ বালাই যেন না হয় সে ব্যাপারে নিয়মিত মনিটরিং করতে হবে।<br>২। বাজারে রাসায়নিক সার ও বীজের যেন কোন অভাব না হয় এ ব্যাপারে নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, গফরগাঁও |
| ০৫ | <u>উপজেলা স্বাস্থ্য বিভাগ:</u><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, Corona Virus প্রতিরোধে সরকার সিদ্ধান্ত নেন যে, গত ০৭.০৮.২০২১ খ্রি. তারিখ হতে ১২.০৮.২০২১খ্রি. ইউনিয়ন পর্যায়ে গণটিকার ১ম ডোজ প্রদান কার্যক্রম শেষ হয়েছে এবং সরকারী নিদের্শনায় পরবর্তীতে সকলের সহযোগীতার মাধ্যমে ২য় ডোজ সেপ্টেম্বর মাসে টিকা কার্যক্রম শেষ হবে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ ৫ শয্যা বিশিষ্ট আইসোলেশন ওয়ার্ড চালু অব্যহত আছে। সর্দি, কাশি, সাধারণ জ্বর সম্পর্কিত চিকিৎসা দেয়ার জন্য আলাদা রুমের ব্যবস্থা করা হয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সকল চিকিৎসক, নার্স, কর্মকর্তা ও কর্মচারীগণ স্বাস্থ্য মন্ত্রণালয় ও সরকারের নির্দেশনা অনুযায়ী স্বাভাবিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির প্রচারণা কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | Corona Virus সহ অন্যান্য বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, গফরগাঁও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা |
| ০৬ | <u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:</u><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, উপজেলা প্রাণী সম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, গফরগাঁও, ময়মনসিংহ এর আওতায় পিপিআর, তড়কা রোগ ও লাম্পি স্কিন ডিজিজসহ গবাদি প্রাণী ও হাস-মুরগীর বিভিন্ন রোগের ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | মোবাইল ফোনের মাধ্যমে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গফরগাঁও |

<table>
<tr><td>০৭</td><td>উপজেলা মৎস্য বিভাগ:<br>উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, ২৮.০৮.২০২১ খ্রি. তারিখ হতে ০৩.০৯.২০২১ খ্রি. তারিখ পর্যন্ত "জাতীয় মৎস্য সপ্তাহ-২০২১" অনুষ্ঠিত হবে। আগামী সেপ্টেম্বর মাসে মৎস্য অধিদপ্তর এর রাজস্ব বাজেটের আওতায় গফরগাঁও উপজেলার বিভিন্ন সরকারি-বেসরকারি পুকুর ও উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা অবমুক্ত করা হবে।। বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে।</td><td>চাষীদেরকে নিয়মিত পরামর্শ প্রদান অব্যাহত রাখতে করতে হবে।</td><td>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গফরগাঁও</td></tr>
<tr><td>০৮</td><td>উপজেলা বিদ্যুৎ বিভাগ (পিডিবি): নির্বাহী প্রকৌশলী (পিডিবি) এর প্রতিনিধি সভায় জানান যে, নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। এ ধারা অব্যাহত রাখার জন্য নিরলস ভাবে কার্যক্রম চলমান এবং বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য সকলকে অনুরোধ জানান। এছাড়াও বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে।</td><td>নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, পিডিবি, গফরগাঁও</td></tr>
<tr><td>০৯</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, সরকারি নির্দেশনা মোতাবেক সকল প্রতিষ্ঠান খোলার পূর্বেই পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের প্রধানদেরকে অবহিত করা হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, গফরগাঁও, ময়মনসিংহ এর জেনারেটর এর পাশে ৪টি ট্রাক্টর কে বা কারা রেখে যায় এর জন্য যে কোন সময় জেনারেটরের সমস্যা হতে পারে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের চারিদিকে পানি নিষ্কাশনের ব্যবস্থা নেই। পানি আবদ্ধ অবস্থায় থাকার ফলে মশা মাছি রোগ নানা রকম রোগ ছড়ানোর সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানান। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>০১। সকল কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।<br>২। বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>১০</td><td>উপজেলা শিক্ষা বিভাগ:<br>উপজেলা শিক্ষা অফিসার (ভার:), সভায় জানান যে, গফরগাঁও উপজেলার ২৩৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ০১টি শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় কোভিড-১৯ জনিত কারণে শ্রেণি কার্যক্রম বন্ধ রয়েছে। তবে শিক্ষার্থীদের লিখন ক্ষতি কমাতে শিক্ষকগণ শিক্ষার্থীদের হোম ভিজিটের মাধ্যমে ওয়ার্কশীট বিতরণ করা হচ্ছে এবং শিক্ষার্থী ও অভিভাবকদের সঙ্গে যোগাযোগ রক্ষা করছে। আগামী সেপ্টেম্বর মাসে বিদ্যালয়গুলো খুলে দেওয়ার সম্ভাবনায় বিদ্যালয়গুলোকে পরিষ্কার পরিচ্ছন্ন করে জীবানুমুক্ত করে রাখা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে।</td><td>উপজেলা শিক্ষা অফিসার</td></tr>
<tr><td>১১</td><td>উপজেলা সমাজসেবা বিভাগঃ<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, উপজেলা সমাজসেবা কার্যালয়ের আওতাধীন সামাজিক নিরাপত্তা বেষ্টনীর সকল নিয়মিত ভাতাভোগীদের যেমন বয়স্ক ভাতাভোগী ১৪৪৫১ জন, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতাভোগী ৪৬৯৩ জন এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগী ৫৮৫৬ জনকে জিটুপির মাধ্যমে প্রদান করা হচ্ছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় সকল কার্যক্রম সরকারি নীতিমালা অনুযায়ী পরিচালনা করতে হবে।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার</td></tr>
<tr><td>১২</td><td>বিআরডিবিঃ<br>০১। মূল কর্মসূচি: উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, সমিতি/ দলের সুবিধাভোগীদের মাঝে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যহত আছে। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক চলছে।<br>০২। পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ):উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে।
<table>
<tr><td rowspan="2">বিবরণ</td><td colspan="3">অর্থ বছর</td><td colspan="3">ক্রম বর্ধিত</td></tr>
<tr><td>লক্ষ্যমাত্রা</td><td>অগ্রগতি</td><td>হার</td><td>লক্ষমাত্রা</td><td>অগ্রগতি</td><td>হার</td></tr>
<tr><td>সমিতি গঠন</td><td>০৭</td><td>০০</td><td>০০</td><td>৮৪</td><td>৮৪</td><td>১০০%</td></tr>
<tr><td>সদস্য ভর্তি</td><td>৩০০</td><td>০০</td><td>০০</td><td>২৫০০</td><td>২২৩০</td><td>৮৯%</td></tr>
<tr><td>শেয়ার আদায়</td><td>৬.০০</td><td>০০</td><td>০০</td><td>৩৫.০৮</td><td>৮.৮২</td><td>২৫%</td></tr>
<tr><td>সঞ্চয় আদায়</td><td>১২.০০</td><td>০০</td><td>০০</td><td>৭০.১৮</td><td>২৮.৮২</td><td>৪১%</td></tr>
<tr><td>ঋণ বিতরণ</td><td>৯০.০৪</td><td>১০.৫৫</td><td>১২%</td><td>৪০৫.০০</td><td>৫২৩.৯৪</td><td>৯৭%</td></tr>
<tr><td>ঋণ আদায়</td><td>৭৫.০৫</td><td>১.৪০</td><td>০২%</td><td>৪২১.১৯</td><td>৪৩৫.৭৯</td><td>৯৭%</td></tr>
<tr><td>খেলাপী</td><td>০০</td><td>৬৮.৯৯</td><td>০০</td><td>০০</td><td>৬৮.৯৯</td><td>০০</td></tr>
</table>
বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>৩) আমার বাড়ি আমার খামার:<br>উপজেলা সমন্বয়কারী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে অত্র কার্যালয় হতে ১০০.২০ (এক কোটি বিশ লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ১০০.০১ (এক কোটি এক লক্ষ) টাকা আদায় করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১। ঋণ বিতরণ ও আদায় নিশ্চিত করতে হবে। বিআরডিবির সকল মাঠ কর্মীদের ইউনিয়ন পরিষদের সাথে সমন্বয় করে কাজ করতে হবে।<br>২। বিতরণকৃত ঋণ আদায় নিশ্চিত করতে হবে। নতুন সমিতি গঠন, সদস্য নির্বাচনের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে।<br>৩। ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>উপজেলা প্রকল্প কর্মকর্তা, (পজীপ)<br>উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা মহিলা বিষয়ক দপ্তর:<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ চক্রের ভিজিডি কর্মসূচীর কাজ যথাযথভাবে চলছে। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>নিয়মিত মনিটরিং করতে হবে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল)</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ১৪ | **উপজেলা খাদ্য বিভাগ:**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বর্তমানে ধান ও চাল সংগ্রহের কার্যক্রম চলমান আছে। এ পর্যন্ত চাল সংগ্রহ ২১৮০.০০ মে.টন এবং ধান সংগ্রহ ২০৪.১৬০ মে.টন। ৩১.০৭.২০২১ খ্রি. তারিখের গুদামে মজুদ চাল ১০৩০.০৫৬ মে.টন এবং ধান ১৭৪.১৬০ মে.টন। তাছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চাল ও ধান সংগ্রহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গফরগাঁও |
| ১৫ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জুলাই/২০২১ মাসে সক্ষম দম্পতি ৮৮,৪০০ জন। মাঠ পর্যায়ে ৩৮,৮৪৫ চক্র খাবার বড়ি, পিস কনডম ৬০১৭ ডোজ, ইনজেকশন ২০২৬, আই.ইউ.ডি ১১ পিস, জনকে ইমপ্লান্ট ০২। জন স্থায়ী পদ্ধতি পুরুষ ০০ জন, মহিলা ০১ জন মোট ০১ জন। স্বাভাবিক ডেলিভারী ১০৩। পদ্ধতি গ্রহণকারী ৬৯,,০৪৭ জন এবং উপজেলার পদ্ধতি গ্রহণকারীর হার (সিএআর) ৭৮.১১%। মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পিং অব্যাহত আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিতভাবে মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পের আয়োজন করতে হবে। উপজেলা ও ইউনিয়ন কমিটির সভা নিয়মিত করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১৬ | **উপজেলা সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, সরকারি রাজস্ব ১০০% আদায় করে জমা প্রদান করা হয়েছে। কোভিড-১৯ এর মহামারীর জন্য আশ্রয়ণ-২ প্রকল্পের ঋণ আদায় করা যাচ্ছে না। সমবায় সমিতিগুলোর অডিট কার্যক্রম অব্যাহত রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ০১। নিয়মিত মনিটরিং করতে হবে।<br>০২। সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৭ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:**<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২১ অর্থ বছরের ২০০টি জলাধারসহ সাব-মারসিবল পাম্প ৮,১৯০টি নলকূপের কাজ চলমান। অন্যান্য বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল |
| ১৮ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হলেও মূলধন স্বল্পতার কারণে কাঙ্খিত ঋণ বিতরণ করা যায় নাই। প্রশিক্ষণের বাজেট এখনও আসে নাই। এ বছর থেকে প্রশিক্ষণার্থীদের প্রতিদিন =১০০/- (একশত) টাকা করে যাতায়াত ভাতা দেয়া হবে। শ্রেষ্ঠ আত্মকর্মী (পুরুষ ও মহিলা) পুরস্কারের জন্য প্রেরণ করা হয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার/ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৯ | **উপজেলা পরিসংখ্যান বিভাগ:**<br>উপজেলা পরিসংখ্যান অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, সরকারি নির্দেশনা মোতাবেক জুলাই/২০২১ খ্রি. মাসের দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | অন্যান্য বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা গফরগাঁও |
| ২০ | **উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন:**<br>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী সফলতার সহিত কার্যক্রম পরিচালনা করা হয়েছে। জুলাই/২০২১ খ্রি. মাসে কোভিড-১৯ এর প্রাদুর্ভাব জনিত কারণে ঋণ কার্যক্রম বন্ধ ছিল। পহেলা আগস্ট/২০২১ থেকে কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনা করা হচ্ছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | ১। ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২১ | **উপজেলা আনসার ও ভিডিপি:**<br>প্রশিক্ষিকা, আনসার ও ভিডিপি সভায় জানান যে, আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে আনসার ও ভিডিপি বাহিনী থানার সাথে সমন্বয় করে সামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | করোনা ভাইরাস বিস্তার রোধ ও আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে পুলিশের পাশাপাশি আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সব সময় প্রস্তুত থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ২২ | **পল্লী বিদ্যুৎ বিভাগ:**<br>ডি.জি.এম সভায় জানান যে, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। এ ধারা অব্যাহত রাখার জন্য সার্বিক প্রচেষ্টা চালানো হবে। বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে হবে। | ডি.জি.এম পল্লী বিদ্যুৎ/ |
| ২৩ | **ইসলামিক ফাউন্ডেশন:**<br>ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন জানান যে, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম ইসলামিক ফাউন্ডেশন, গফরগাঁও উপজেলায় কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে মাস্ক পরিধান করে নামাজ আদায় করার জন্য এ উপজেলার সকল ইমামদেরকে এ বিষয়ে সাধারণ জনগণকে উদ্বুদ্ধ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গফরগাঁও |
| ২৪ | **উপজেলা তথ্য কেন্দ্র:**<br>তথ্যসেবা কর্মকর্তার সভায় জানান যে, তথ্য আপা প্রকল্পের তথ্য আপাদের ডোর টু ডোর এবং উঠান বৈঠক ইত্যাদি কার্যক্রম কোভিট ১৯ এর পরিস্থিতির জন্য সাময়িকভাবে বন্ধ রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা তথ্য কেন্দ্র, গফরগাঁও |

| | | | |
|---|---|---|---|
| ২৫ | **চেয়ারম্যান, লংগাইর ইউনিয়ন পরিষদ:**<br>চেয়ারম্যান, লংগাইর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, উপজেলা সমাজসেবা অফিসে সেবাপ্রার্থীদের ভোগান্তির সম্মুখীন হতে হচ্ছে। তিনি সমাজসেবা কর্মকর্তাকে এ বিষয়টি দেখার জন্য অনুরোধ জানান। | দ্রুত সেবা নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, গফরগাঁও |
| ২৬ | **চেয়ারম্যান, সালটিয়া ইউনিয়ন পরিষদ:**<br>চেয়ারম্যান, সালটিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদে যে কোন কার্যক্রম গ্রহণ করলে ইউপি চেয়ারম্যানদের সাথে পরামর্শক্রমে কাজ করার জন্য সংশ্লিষ্ট সকল বিভাগীয় কর্মকর্তাদেরকে অনুরোধ জানান। | সংশ্লিষ্ট সকলকে সমন্বয়ের মাধ্যমে কাজ করার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |
| ২৭ | উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের ইউডিএফ সভা জানান যে, প্রকল্প কাজের মধ্যে ২০১৮-১৯ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন এর আওতায় চলমান উপ-প্রকল্পের মধ্যে মশাখালী ইউনিয়নের কান্দি উচ্চ বিদ্যালয়ের ভবন নির্মাণ কাজটি আংশিক করার পর দেখা যায় পল্লী বিদ্যুৎ এর বৈদ্যুতিক লাইন ভবনের উপর রয়েছে। এমতাবস্থায় বৈদ্যুতিক লাইন স্থানান্তর না করলে বাকী কাজ করা সম্ভব হচ্ছে না। বর্তমানে কাজ বন্ধ রয়েছে তাই জরুরী ভিত্তিতে পল্লী বিদ্যুঃ কর্তৃপক্ষের সাথে আলোচনা করে বৈদ্যুতিক লাইনটি স্থানান্তর করে দ্রুত প্রকল্প কাজ সমাপ্ত করার জন্য সভায় আহবান জানান। ২০১৯-২০ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে সংশ্লিষ্ট ঠিকাদারদের কার্যাদেশ প্রদান করে দ্রুত কাজ শুরু করার জন্য অনুরোধ করেন। অন্যদিকে ২০২০-২১ অর্থবছরের জন্য সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প ও অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পসমূহ নির্বাচন করে প্রয়োজনীয় ডকুমেন্টসহ চুড়ান্ত অনুমোদনের জন্য সেপ্টেম্বর/২১ মাসের মধ্যে পিএমইউ'তে প্রেরণ করতে হবে বলে সকলকে সভার মাধ্যমে অবহিত করেন। | এ ব্যপারে প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলেকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

বিবিধ আলোচনা:

| | | | |
|---|---|---|---|
| ০১ | সি এ, উপজেলা পরিষদ, গফরগাঁও সভায় জানান যে, জনাব মো: আশরাফ উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের জুলাই/২০২১ মাসের শেষ আংশিক ও আগস্ট/২০২১ মাসের প্রথম আংশিক ভ্রমন ব্যয় বিল বাবদ =১০,০০০/-(দশ হাজার) টাকা।<br>২। জনাব মো: আতাউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও এর জুলাই/২০২১ মাসের শেষ আংশিক ও আগস্ট/২০২১ মাসের প্রথম আংশিক ভ্রমন ব্যয় বিল বাবদ =৭,০০০/-( সাত হাজার) টাকা।<br>৩। জনাব রেশমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও মহোদয়ের জুলাই/২০২১ মাসের শেষ আংশিক ও আগস্ট/২০২১ মাসের প্রথম আংশিক ভ্রমন ব্যয় বিল বাবদ =৭,০০০/-(সাত হাজার) টাকা বিল ও ভ্রমণ বিবরণী বিল সভায় উপস্থাপন করেন এবং সভায় অনুমোদনের জন্য অনুরোধ | উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর জুলাই/২০২১ মাসের শেষ আংশিক ও আগস্ট/২০২১ মাসের প্রথম আংশিক ভ্রমণ ব্যয় বিল অনুমোদন এবং উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও। |
| ০২ | প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গফরগাঁও, ময়মনসিংহ সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এর সেফটি ট্যাংকি জরুরী ভিত্তিতে পরিষ্কার করা প্রয়োজন। ট্যাংকি পরিষ্কার করতে আনুমানিক ব্যয় বাবদ =২৫,০০০/- টাকার প্রয়োজন। উক্ত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এর সেফটি ট্যাংকি পরিষ্কার বাবদ =২৫,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও |
| ০৩ | প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গফরগাঁও, ময়মনসিংহ সভায় জানান যে, উপজেলা পরিষদের পানির পাম্পটি হঠাৎ নস্ট হয়ে যাওয়ায় সরকারি দপ্তরসমূহে এবং আবাসিক ভবনে পানি সাপ্লাই বন্ধ হয়ে যাওয়ায় জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। মেরামত বাবদ আনুমানিক =৭,০০০/-(সাত হাজার) টাকার প্রয়োজন। উক্ত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করা যেতে পারে। | উপজেলা পরিষদের পানির পাম্পটি মেরামত বাবদ =৭,০০০/-(সাত হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও |
| ০৪ | সি এ, উপজেলা পরিষদ, গফরগাঁও সভায় জানান যে, উপজেলা পরিষদের কর্মচারী জনাব খোকন, জীপগাড়ী চালক এবং জনাব মো: ফিরোজ, অফিস সহায়ক এর গত ০৬ আগস্ট ২০২১ খ্রি. তারিখ হতে ২০ আগস্ট ২০২১ খ্রি. তারিখ অথবা ছুটি ভোগের তারিখ হতে শ্রান্তি বিনোদন ছুটি এবং ভাতা মঞ্জুরীর আবেদন করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনায় উপজেলা পরিষদের কর্মচারী জনাব খোকন, জীপগাড়ী চালক এবং জনাব মো: ফিরোজ, অফিস সহায়ক এর শ্রান্তি বিনোদন ছুটি এবং ভাতা মঞ্জুরীর আবেদন অনুমোদিত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও। |
| ০৫ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ সভায় বলেন যে, মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) নিয়ন্ত্রণে যারা জীবন বাজি রেখে জনসেবায় কাজ করেছেন তাদের সকলকে ধন্যবাদ জানান। বিভিন্ন ইউনিয়নের রাস্তার অবস্থা বেশি ভালো না। আমরা সকলে মিলে মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের মাধ্যমে সংস্কার করার ব্যবস্থা গ্রহণ করব। স্কুলের বাজার হতে রেললাইন পর্যন্ত খুব খারাপ। উপজেলা প্রকৌশলী, গফরগাঁও- কে বিষয়টি সরেজমিনে পরিদর্শন করার জন্য অনুরোধ করেন। বিসিআইসি সার ডিলারদের বরাদ্দকৃত সার যেন অন্য উপজেলায় বিক্রি করতে না পারে সেদিকে উপজেলা কৃষি অফিসারকে সজাগ দৃষ্টি রাখার জন্য বলেন। মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের দিক নির্দেশনা গফরগাঁওয়ের উন্নয়নের জন্য সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য অনুরোধ করেন। | সকলকে গফরগাঁও এর উন্নয়নের জন্য সরকারি দিক নির্দেশনা মোতাবেক সমন্বয়ের মাধ্যমে কাজ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ সভায় জানা যে, উপজেলা পরিষদ চেয়ারম্যানের জীপ গাড়িটি জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। মেরামত করতে আনুমানিক =৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রয়োজন, উক্ত টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উত্তোলন করা যেতে পারে। | উপজেলা পরিষদ চেয়ারম্যানের জীপ গাড়িটি মেরামত বাবদ=৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও |
| ০৭ | উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও সভায় ১৫ আগস্ট ২০২১ খ্রি. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ তাঁর পরিবারের সকল শহিদদের আত্মার প্রতি মাগফেরাত কামনা করে বলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০৪১ সনে আমরা উদযাপন করব। উন্নয়নমূলক কাজগুলো যথাসম্ভব দ্রুত সমাধান করতে হবে। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন বাস্তবায়ন করে সোনার বাংলা গড়ে তুলব। মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর ২য় ঢেউয়ে জনসেবায় যারা কাজ করেছেন তাদের সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | জাতির পিতার স্বপ্নের সোনার বাংলাদেশ বিনির্মাণে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/০৮/২০২১

(মো: আশিরাফ উদ্দিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ০৫.৪৫.৬১২২.০০১.০৬.০০৯.২১-৮১৮/১(৬০) তারিখ: ১৯.০৮.২০২১ খ্রি:

অনুলিপি: সদয় অবগতি/অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫৫, ময়মনসিংহ-১০ (গফরগাঁও)।
০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৩। উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, উপ-১ শাখা/উপ-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, ময়মনসিংহ।
০৫। মেয়র, গফরগাঁও পৌরসভা, গফরগাঁও, ময়মনসিংহ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৭। উপজেলা ............................................................. অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
০৮। চেয়ারম্যান, ........................................................... ইউনিয়ন পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
০৯। জনাব ..................................................................................................................।
১০। অফিস কপি।

১৯.০৮.২০২১

(মো: তাজুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ।